

## ভারত ও পাকিস্তানের মধ্যে বন্দি তালিকা বিনিময়

ভারত ও পাকিস্তানের মধ্যে কনসুলাস সুবিধা বিষয়ক চুক্তির অন্তর্গত ধারার সঙ্গে সংগতি রেখেই ভারত ও পাকিস্তান আজ কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে একে অপরের দেশের জেলে আটক নাগরিকদের তালিকা বিনিময় করেছে।

২০০৮ সালের ২১ মে স্বাক্ষরিত এই চুক্তির অনুসারে একে অপরের দেশের জেলে আটক নাগরিকদের একটি সুসম্পূর্ণ তালিকা প্রতি বছর দু'বার অর্থাৎ ১ জানুয়ারি এবং ১ জুলাই ভারত ও পাকিস্তান নিজেদের মধ্যে বিনিময় করে।

ভারত পাকিস্তানের সঙ্গে এই মানবিক বিষয়গুলি আদান-প্রদানের ব্যাপারে অঙ্গীকারবদ্ধ, বিশেষ করে একে অপরের দেশে আটক ও মৎস্যজীবীদের বিষয়ে। এই প্রেক্ষিতে আমরা অপেক্ষা করছি, ভারতের জেলে আটক পাকিস্তানের নাগরিকদের মুক্তি ও পুনর্বাসন নিশ্চিতকরণের বিষয়ে। একইসঙ্গে আমরা প্রতিশ্রুতি করছি, হামিদ নেহাল আনসারি এবং কুলভূষণ যাদব-সহ পাকিস্তানে আটক ভারতীয়দের কনসুলাস সুবিধার মাধ্যমে ফিরিয়ে আনার বিষয়ে।

নয়াদিল্লি

জানুয়ারি ০১, ২০১৭